



তথ্য পত্র

শীর্ষ সম্মেলন : কারা অংশগ্রহণ করবে?

সরকার

জাতীয় আয় বা অবকাঠামোগত সুবিধার পর্যায় যাই হোক না কেন, তথ্য সমাজে সকল সরকারের একটা স্বার্থ সংশ্লিষ্টতা রয়েছে। জাতীয় ও বিশ্ব নীতি গড়ে তোলার মাধ্যমে তথ্য সমাজের সুফল সবার কাছে পৌঁছানো এবং তথ্য সমাজের চ্যালেঞ্জ মোকাবিলার কাঠামো গড়ে তোলার ক্ষেত্রে সরকারই চাবিকাঠি। জনস্বার্থে দেখতে গিয়ে সরকার জনসচেতনতা বৃদ্ধি ও জনগনের জন্য তথ্য লাভের সুযোগ সৃষ্টি করতে পারেন এবং উন্নত জীবনযাত্রা, সমাজসেবা ও অর্থনৈতিক প্রবৃদ্ধির নিরিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি থেকে সকল নাগরিকের সুফল ভোগের ভিত্তি রচনা করতে পারেন।

ব্যবসা প্রতিষ্ঠান

বেসরকারি খাত বিশ্ব এজেন্ডায় উন্নয়ন লক্ষ্য অর্জনে অর্থনৈতিকভাবে সম্ভবনাময় মডেলের প্রস্তাব তুলে ধরার মাধ্যমে সরকার ও সুশীল সমাজের সঙ্গে মিলেমিশে একটা সক্রিয় ভূমিকা পালন করবে। তথ্য ও মূল্য সংযোজিত আইসিটি সেবার সর্বজনীন প্রবেশের বঙ্গগত অবস্থা সৃষ্টির ক্ষেত্রে বেসরকারি খাতের অবদান সহায়ক। শীর্ষ সম্মেলনে বেসরকারি খাতের সংশ্লিষ্টতা অর্থনৈতিক প্রবৃদ্ধি ও অংশীদারিত্ব এগিয়ে নেবে, যা প্রযুক্তি স্থানান্তরে সহায়তা দেবে, নতুন প্রযুক্তি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করবে এবং স্থানীয় বিষয়বস্তুর উন্নয়ন ও দক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। আন্তর্জাতিক বণিক সমিতির সভাপতিত্বে বিজনেস ইন্টারলকিউটরস সমন্বয় কমিটি (সিসিবিআই) সম্মেলনে বেসরকারি খাতের উপকরণের যোগান দিচ্ছে।

আইসিটি শিল্পের সর্বস্তরের এক ব্যাপক অংশের প্রতিনিধিত্বশীল আইটিইউ খাতের সদস্যরা সম্মেলনের প্রস্তুতি ও সম্মেলনেও এক সক্রিয় ভূমিকা পালন করবে।

সুশীল সমাজ

বর্তমান প্রবণতার সামাজিক সাংস্কৃতিক প্রভাব চিহ্নিত করা এবং সকল পর্যায়ে পছন্দের কৌশলগত অধিকারের ক্ষেত্রে গণতান্ত্রিক জবাবদিহিতা প্রবর্তনের প্রয়োজনের প্রতি মনোযোগ আকর্ষণে সুশীল সমাজ সক্রিয় ভূমিকা পালন করছে। সুশীল সমাজের বৈচিত্র্য ও অনেক ক্ষেত্রে বিষয় সম্পর্কে তাৎক্ষণিক দৃষ্টিভঙ্গি তাকে নবতর আন্তর্জাতিক অংশীদারিত্বে একটা মূল ভূমিকা পালনকারীতে পরিণত করে, জাতিসংঘ মহাসচিব এই নবতর আন্তর্জাতিক অংশীদারিত্বের তাগিদ দিয়েছেন।

জাতিসংঘ পরিবার

এই শীর্ষ সম্মেলন এমন এক যুগে আমাদের অভিন্ন ভাগ্যকে প্রতিফলিত করার, তা নিয়ে আলোচনা করার ও তা গড়ে তোলার জন্য বিশ্ব সম্প্রদায়ের কাছে এক অনবদ্য সুযোগ নিয়ে এসেছে, যে যুগে দেশগুলো ও মানুষ পারস্পরিক এমন এক বন্ধনে আবদ্ধ যা আগে কখনো ছিল না। জাতিসংঘ সংস্থাগুলোর পরিবার অভিন্ন লক্ষ্য অর্জনে রাষ্ট্রের সরকার, বেসরকারি খাত, আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও সুশীল সমাজকে একত্র করার মাধ্যমে পরিবর্তনে অনুঘটক হিসেবে কাজ করছে। জাতিসংঘ ব্যবস্থা ও এর বিশেষ সংস্থাগুলো শীর্ষ সম্মেলনের আয়োজন ও অনুষ্ঠানে গভীরভাবে জড়িত। আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন (আইটিইউ) এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করছে। এছাড়া সহস্রাব্দ ঘোষণার লক্ষ্যগুলো পূরণে জাতিসংঘকে সহায়তাদানের ক্ষেত্রে শীর্ষ সম্মেলন একটি কার্যকর উপায়।

আন্তর্জাতিক সংস্থাসমূহ

শীর্ষ সম্মেলন প্রক্রিয়ায় সবচেয়ে পরিপূর্ণ উপকরণ নিশ্চিত করার জন্য ব্যাপক আন্তর্জাতিক ও বহুজাতিক সংস্থাকে অবদান রাখার অনুরোধ জানানো হয়েছে।

প্রচার মাধ্যম

যোগাযোগ প্রযুক্তি তার নিজের মধ্যেই শেষ নয়, বরং তা তথ্য ও বিষয়বস্তুর যোগান এবং সংরক্ষণের একটা মাধ্যম। প্রচার মাধ্যম সংস্থাগুলো প্রচার মাধ্যমের লক্ষ্য অর্জনে উদ্যোগ সম্পর্কিত প্রস্তাব ও অবদান রাখার প্রতিশ্রুতি দেবে বলে আশা করা হচ্ছে।